

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

কৃষিই সমৃদ্ধি

স্মারকনং ১২.১১.০০০০.০১২.৯৯.০০৮.১৯ | ২৫২ (৩৮)

তারিখঃ ২৭/০৩/২০২০

প্রাপক
অতিরিক্ত পরিচালক
কৃষিসম্প্রসারণ অধিদপ্তর
-----অঞ্চল (সকল)।

বিষয়ঃ রবি মৌসুমে (২০১৯-২০) ভূট্টা ফসলে ফল আর্মিওয়ার্ম পোকা ব্যবস্থাপনায় জোর প্রচেষ্টা গ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২৩/০১/২০২০ এর সাপ্তাহিক প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে জামালপুর জেলার সদর, সরিষাবাড়ি, মেলান্দাহ, ইসলামপুর, দেওয়ানগঞ্জ, মাদারগঞ্জ, বকশীগঞ্জ উপজেলায়, মানিকগঞ্জ জেলার সিংগাইর, সাটুরিয়া উপজেলায়, নাটোর জেলার গুরুদাসপুর এবং সিংড়া সহ অন্যান্য উপজেলায় ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ প্রতিনিয়ত বাড়ছে যা উদ্বেগের বিষয়। এমন অবস্থা চললে শুকনো মৌসুমে এর প্রাবল্য বৃদ্ধি পাওয়ার আশঙ্কা আছে। তাই ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণ নিয়ন্ত্রণে ফল আর্মিওয়ার্ম সংক্রান্ত Fact sheet কৃষকদের মাঝে বিতরণ, মনিটরিং এর জন্য FAO কর্তৃক বিতরণকৃত ফেরোমন ফাঁদ স্থাপন এবং প্রয়োজনে পিপি উইং হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত লিউর ব্যবহারে সংশ্লিষ্ট কৃষকদের উদ্বুদ্ধ করে মনিটরিং কার্যক্রম জোরদারকরণ, সচেতনতা বৃদ্ধির জন্য মসজিদে, স্থানীয় বাজারে, উঠন বৈঠকে এবং ফিফ্যাক সেন্টারে ফল আর্মিওয়ার্ম ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা প্রচার করা, ফেরোমন ফাঁদ স্থাপন করে পোকা নিয়ন্ত্রণ, SNPV স্প্রে, হাত বাছাই, প্লাবন সেচ সহ অনুমোদিত কীটনাশক স্প্রে এবং নিয়মিত মাঠ মনিটরিং/স্কাউটিং করার জন্য বলা হল। তাছাড়া সকল ডিলারের দোকানে, ইউনিয়ন পরিষদে এলাকার SAAO দের মোবাইল নাম্বার এবং ফল আর্মিওয়ার্ম দমনে করণীয় বিষয়ক স্টিকার লাগানো যেতে পারে। উপরোক্ত ব্যবস্থাসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য পুনরায় বিশেষভাবে জানানো হল। বিষয়টি অতীব জরুরী।

২৭/০৩/২০২০
পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং
ফোননং : ৯১৩১২৯৫

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। আপনাকে মাঠ পর্যায়ে সদয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
২. উপ-পরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।- আপনাকে সরেজমিনে তদারকির জন্য জানানো হল।
৩. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৪. উপজেলা কৃষি কর্মকর্তা (সকল উপজেলা)- বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনাপূর্বক মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য বলা হলো।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. কন্ট্রোল রুম, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।